



নং- ধবিম/হ:শা:/১-১৮৪/২০১২-৪৯০

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে Oryx Air Services (HL-1095), S.A. Bhaban (2nd Floor), 115/23, Motijheel Circular Road, Dhaka-1000 এর মালিক/মোনাঞ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ মোতাবেক অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে হজ অফিস, মদিনা আল মুনাওয়ারা, সৌদি আরব নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:

- I. “হাজীগণের মদিনায় আগমনের পূর্বে কোন তথ্য ই-হজ্জ এ তথ্য আপডেট করেনি। ফলে গাড়ি না পাওয়ায় নির্ধারিত সময়ে হাজীগণ হোটেল পৌঁছতে পারেননি।
- II. তথ্য ফাইলে অন্যের মোবাইল নম্বর সাবমিট করেছেন, যা এজেন্সির সঙ্গে সংশ্লিষ্ট নয়। ফলে জরুরী মুহর্তে তাদের সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।
- III. ২৫/০৭/২০১৯ তারিখে হাজীগণ মদিনায় আগমনের পর ১২ ঘণ্টার মধ্যে রিপোর্ট করতে হয় এবং ৪৮ ঘণ্টার মধ্যে আদিল্লা অফিসে যোগাযোগ করতে হয়, অথচ তারা ০২/০৮/২০১৯ তারিখ পর্যন্ত কোন রিপোর্ট করেনি।
- IV. কোন প্রতিনিধি নিয়োগ না করেই হাজীগণকে মদিনায় রেখে মুনাঞ্জেম মক্কায় চলে যান। ফলে হাজীগণের নানাবিধ ভোগান্তির সম্মুখীন হতে হয়েছে। বিশেষত, হারানো হাজীগণকে বেশি সমস্যায় পড়তে হয়েছে।” এবং

যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ বাংলাদেশে গঠিত তদন্ত কমিটি তদন্ত করেছে এবং তদন্ত কমিটি শাস্তির সুপারিশ করেছে; এবং

যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ০৩.০৩.২০২০ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হ:শা:/১-১৮৪/২০১২-১৫৯ নং স্মারকে ০৩ (তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ০৪.০৩.২০২০ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করেছেন যা সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি; এবং


যেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত Oryx Air Services (HL-1095) এর লাইসেন্স এর কার্যক্রম ০৩ (তিন) বছরের জন্য স্থগিত ও ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জরিমানা করা হয়; এবং

যেহেতু আরোপিত শাস্তি মওকুফের জন্য আপনি রিভিউ আবেদন করেছেন এবং আপনার বক্তব্য উপস্থাপন করেছেন;

সেহেতু রিভিউ কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত Oryx Air Services (HL-1095) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত শাস্তি কমিয়ে হজ লাইসেন্স ০২ বছরের (২০২০ এবং ২০২১) জন্য স্থগিতসহ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হলো; এবং

০২। জরিমানাকৃত অর্থ অনতিবিলম্বে ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং-১-৩৫০১-০০০১-১৯০১ এ জমাদানপূর্বক চালানের মূল কপি এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য বলা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০২.১২.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন

সিনিয়র সহকারী সচিব


ফোন: ৯৫৮৪৩২২

e-mail: morahajsection@gmail.com

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদা, সৌদি আরব।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব মোঃ মাজহারুল হক ভূঁইয়া, স্বত্বাধিকারী, Oryx Air Services (HL-1095), S.A. Bhaban (2nd Floor), 115/23, Motijheel Circular Road, Dhaka-1000.
১৩. অফিস কপি।


০২.১২.২০২০
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব